

# এইচএসসির অব্যয়িত অর্থ ফেরত দিচ্ছে বোর্ড

অনলাইন ডেক্স



সংযুক্ত ছবি

২০২৪ সালের এইচএসসি পরীক্ষার অব্যয়িত কেন্দ্র ফি এবং বোর্ড

ফি ফেরত দিচ্ছে শিক্ষাবোর্ড। যেসব পরীক্ষার্থী ফরম পূরণ

করেছিলেন তাদের অব্যয়িত অর্থ নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠানে

পাঠানো হবে, সেখান থেকে শিক্ষার্থীরা অর্থ ফেরত নিতে পারবে।

বৃহস্পতিবার (২১ আগস্ট) এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে

রাজশাহী শিক্ষা বোর্ড। ২০২৪ সালের এইচএসসি পরীক্ষার

অব্যয়িত কেন্দ্র ফি এবং বোর্ড ফি ফেরত প্রদানের লক্ষ্য সব

জেলার শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করেছে।

শুন



## ডিসেম্বরের মধ্যেই প্রাথমিকে সাড়ে ১৩ হাজার শিক্ষক নিয়োগ

উল্লেখ্য, ২০২০ সালে করোনা মহামারির কারণে এইচএসসি ও

সমমান পরীক্ষা বাতিল হওয়ায় তত্ত্বীয় ও ব্যবহারিক বিষয়ের

অব্যয়িত অর্থ ফেরতের নির্দেশনা দেওয়া হয়। ওই বছরের ৩১

জানুয়ারি আন্তঃশিক্ষা সমন্বয়ক বোর্ড থেকে এই নির্দেশনা জারি

করা হয়।

সেখানে বলা হয়, যেসব পরীক্ষার্থী পরীক্ষার ফরম পূরণ

করেছিলেন তাদের প্রতি পত্রের জন্য বোর্ড নির্ধারিত ফি থেকে

পত্রপ্রতি ৩০ টাকা করে এবং ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্রপ্রতি

আরও ১০ টাকা শিক্ষা বোর্ড থেকে ফেরত প্রদান করা হবে। এই

অর্থ শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠানো হবে, সেখান থেকে শিক্ষার্থীদের হাতে

এর অর্থ ফেরত দিত হবে।

এছাড়া পরীক্ষার্থী প্রতি ২০০ টাকা করে এবং আইসিটি বিষয়ক

পরীক্ষার্থীদের অতিরিক্ত আরও ২৫ টাকা ফেরত দেয়া হবে।

আইসিটি ছাড়া সব ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে পত্রপ্রতি অতিরিক্ত

৪৫ টাকা করে ফেরত দেয়া হবে। পরীক্ষার্থী কেন্দ্র ফি বাবদ ব্যয়

না হওয়া অর্থ প্রতিষ্ঠান থেকে গ্রহণ গ্রহণ করবে।

### সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানের প্রাপ্য

ছাত্রাত্ত্বিক সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান ফরম পূরণ বাবদ আদায়কৃত

অর্থের ১০ শতাংশ এবং আইসিটি ব্যবহারিক বিষয়ের জন্য আদায়

করা ফি থেকে পরীক্ষার্থীপ্রতি ২০ টাকা ফরম পূরণ ও আনুষঙ্গিক

কাজের জন্য ব্যয় নির্বাহ করবে।

শিক্ষাপ্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট কেন্দ্র যা পাবে

এইচএসসি ও সমমান পরীক্ষায় প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে

পরীক্ষার্থীপ্রতি সংশ্লিষ্ট কেন্দ্রকে ১৬০ টাকা হারে প্রদান করবে। এই

অর্থ পরীক্ষার গোপনীয় কাগজ পরিবহন ও বোর্ডে জমাদান,

সংরক্ষণ এবং প্রশাসনিক ব্যয় নির্বাহ করবে।